

## যান্ত্রিক ও নৌ-প্রকৌশল বিভাগের কার্যক্রম

- অত্র বিভাগের আওতাধীন জলযানসমূহ মেরামত, নতুন জলযান সংগ্রহ, জলযান মেরামত ও সংরক্ষণ-এর কাজ, বিআইডব্লিউটিএ'র জন্য পন্টুন সংগ্রহ এবং ২০১২ সাল হতে পন্টুনের বড় ধরনের মেরামত কাজ;
- নৌ-যান সংক্রান্ত বিষয়ে বিশেষজ্ঞ সেবা প্রদান;
- মেরামতের মাধ্যমে কর্তৃপক্ষের জাহাজসমূহকে নৌ-পথে চলাচলের জন্য সার্বক্ষণিক সচল রাখা;
- সরকারী ও বে-সরকারী প্রতিষ্ঠানে মেরিন ও নৌ-স্থাপত্য বিষয়ে বিশেষজ্ঞ সহায়তা প্রদান;
- ভাসমান কর্মচারীসহ অত্র বিভাগের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- ৮০০ টন উত্তোলন ক্ষমতা সম্পন্ন কর্তৃপক্ষের ভাসমান ডক নিয়ন্ত্রণ ও রক্ষণাবেক্ষণ করণ;
- ভাসমান ডকের মাধ্যমে জাহাজ ডকিং, আনডকিংসহ জরুরী মেরামত কাজ;
- অভ্যন্তরীণ নৌ-পথের বিভিন্ন ঘাটসমূহে ল্যান্ডিং স্টেশনের বিনির্দেশ প্রস্তুতকরণ;

## যান্ত্রিক ও নৌ-প্রকৌশল বিভাগের নিয়ন্ত্রণাধীন শাখা ও শাখা অফিসসমূহ

- ◆ মেরিন শাখা;
- ◆ নৌ-স্থাপত্য শাখা;
- ◆ প্রশাসন শাখা;
- ◆ ভাসমান ডক, শ্যামপুর;
- ◆ নৌ-মেরামত কেন্দ্র, নারায়ণগঞ্জ;
- ◆ নৌ-বহর কেন্দ্র, বরিশাল;

## শাখা ও শাখা অফিস-এর কার্যক্রম

### ◆ মেরিন শাখার কার্যাবলী

অত্র বিভাগের মাধ্যমে মোট ৬২ টি (তালিকা সংযুক্ত) জলযানের মেরামত ও সংরক্ষণ কাজ করা হয় - যার মধ্যে

- ফ্রবতারা ও দিশারী নামক বয়াটেভার জাহাজ-২ টি;
- সন্ধানী নামক উপকূলীয় সার্ভে জাহাজ-১টি;
- টি টাইপ সার্ভে জাহাজ-৩টি;
- পরিদর্শন জাহাজ-৫টি;
- সার্ভে ওয়ার্কবোট-১৫ টি;
- উদ্ধার ইউনিট-৪টি; (১. নিভীক, ২. প্রত্যয়, ৩. রক্তম ও ৪. হামজা)
- টাগ জাহাজ-৯টি; (অগ্রগতি, অগ্রদূত, অগ্রগামী, অগ্রনী, অগ্রযাত্রা, অগ্রপথিক, অগ্রবাহক, দুরন্ত ও দুর্বীর)
- টি. এস. সিদ্দিকী নামক প্রশিক্ষণ জাহাজ-১টি;
- কেবিন-ক্রুজার-৩টি;
- স্পীড বোট-৬টি;
- ১০টি স্টীল মার্কিং বোট-১০ টি;
- ক্রু-হাউজবোট-৩টি।

### ◆ নৌ-স্থাপত্য শাখার কার্যাবলী

- কর্তৃপক্ষের জন্য পন্টুন ও নৌযান সংগ্রহের প্রস্তুতাবনার জন্য নতুন পরিকল্পনা প্রণয়ন করণ;

- কর্তৃপক্ষের বিভিন্ন প্রকল্পের অধীনে নির্মিতব্য নৌযানসমূহের ডিজাইন, ড্রইং, স্পেসিফিকেশন এবং টেন্ডার ডকুমেন্ট প্রণয়ন করণ;
- নৌ-স্বাপত্য বিষয়ক কাজে বিভাগীয় সুপারিশ প্রদান;
- কর্তৃপক্ষের বিভিন্ন জাহাজের নকশা প্রস্তুতে সহায়তা প্রদান;
- কর্তৃপক্ষের জাহাজ/জলযান নির্মাণ/রূপান্তরকালীন সময়ে সরেজমিনে পরিদর্শন;
- কর্তৃপক্ষের বিভিন্ন নৌযানের নকশার ড্রাফটিংকরণ;
- কর্তৃপক্ষের পন্টুনসমূহের মেরামত কাজ সম্পাদন;
- বিভিন্ন সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

#### ◆ প্রশাসন শাখার কার্যাবলী

- কর্মকর্তা/কর্মচারীদের বদলী, পদোন্নতি, টাইমস্কেল, বার্ষিক বেতন বৃদ্ধিসহ সকল ধরনের প্রশাসনিক কার্যক্রম;
- সচিবালয়সহ কর্তৃপক্ষের সকল বিভাগের সাথে প্রশাসনিক কাজের সমন্বয়;
- প্রাপ্যযোগ্য কর্মচারীদের মধ্যে প্রাপ্যযোগ্য পোষাক পরিচ্ছদ সুষ্ঠুভাবে বিতরণ;
- গ্রীজারদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- বাৎসরিক বাজেট প্রণয়ন এবং উহার যথাযথ ব্যবহার নিশ্চিত করণ।

#### ◆ ভাসমান ডক, শ্যামপুর, ঢাকা এর কার্যাবলী

- ১৯৬৮ সালে সংগৃহীত;
- উত্তোলন ক্ষমতা-৮০০ টন;
- জলযান ডকিং, আনডকিং ও জরুরী মেরামত কাজ করা;
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ডক)-এর নিয়ন্ত্রণে কাজ পরিচালিত হয়।

#### ◆ নৌ-মেরামত কেন্দ্র, নারায়ণগঞ্জ এর কার্যাবলী

- বিভিন্ন জলযানের রানিং মেরামত কাজ;
- বিভিন্ন জলযানের ডকিং ও আন্ডার ওয়াটার অংশের মেরামত কাজ;
- ইঞ্জিন মেরামত ও মেজর ওভারহোলিং;
- জাহাজসমূহের বাৎসরিক সার্ভে সম্পন্ন করণ;
- যন্ত্রাংশের চাহিদা প্রস্তুত করণ;
- নির্বাহী প্রকৌশলী'র নিয়ন্ত্রণাধীন।

#### ◆ নৌ-বহর কেন্দ্র, বরিশাল এর কার্যাবলী

- বরিশাল অঞ্চলের বিভিন্ন জলযানের রানিং মেরামত, ডকিং, আনডকিং;
- স্যালভেজ ইউনিট (হামজা ও অগ্রগতি এবং নির্ভীক ও দূর্বীর) মেরামত ও সংরক্ষণ;
- নির্বাহী প্রকৌশলী'র নিয়ন্ত্রণাধীন।